# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা।

## পরীক্ষা নিয়ন্ত্রক অফিস

নং পরীক্ষা/সিই-৩৭১(৬০) তারিখ : ২৮.০৫.২০২৩

## সাপ্লিমেন্টারী পরীক্ষার বিজ্ঞপ্তি

১। ***গ্র্যাজুয়েটিং টার্মের যে সকল ছাত্র/ছাত্রীর একটি বা দুইটি Theory কোর্স বাকী আছে তাহাদের জন্য প্রযোজ্যঃ***

একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্তক্রমে গ্র্যাজুয়েটিং টার্মের একজন শিক্ষার্থী নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করিতে পারিবেঃ

ক) জানুয়ারী, ২০২৩ টার্মে যে সকল ছাত্র/ছাত্রীর গ্র্যাজুয়েশন সম্পন্ন করিতে ১টি বা ২টি Theory কোর্স বাকী থাকিবে যা ইতিপূর্বে ছাত্র/ছাত্রীগণ রেজিষ্ট্রেশন করিয়া অনুত্তীর্ণ হইয়াছে বা টার্ম Withdraw করিয়াছে।

খ) জানুয়ারী, ২০২৩ টার্মে উক্ত বিষয়/বিষয়সমূহ রেজিষ্ট্রেশন করিতে হইবে।

গ) যে সকল ছাত্র/ছাত্রী Sessional/ Industrial Training/ Practical Survey ইত্যাদি সকল কোর্স জানুয়ারী, ২০২৩ টার্মের পূর্বেই সম্পন্ন করিয়াছে।

ঘ) সাপ্লিমেন্টারী পরীক্ষা কোন কোর্সের গ্রেড Improvement করার জন্য ব্যবহার করা যাইবে না এবং এই পরীক্ষায় কোন শিক্ষার্থী সর্বোচ্চ **B** গ্রেড এর বেশী পাইবে না।

এই সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য রেজিস্ট্রেশনসহ অন্যান্য সময়সূচী নিম্নে প্রদত্ত হইল।

| | |
|---|---|
| নিজ নিজ Adviser এর মাধ্যমে বিভাগীয় প্রধানের নিকট নির্দিষ্ট ফরম্যাট* অনুযায়ী লিখিত আবেদন করিবার সময়সীমা | **২৯/০৫/২০২৩ সোমবার হইতে ০৫/০৬/২০২৩ সোমবার** |
| Online প্রক্রিয়া সম্পন্ন করিয়া রেজিস্ট্রেশন করিবার সময়সীমা | **২৯/০৫/২০২৩ সোমবার হইতে ০৭/০৬/২০২৩ বুধবার** |
| সাপ্লিমেন্টারী পরীক্ষা | মিড টার্মের বিরতিতে পরীক্ষা অনুষ্ঠিত হইবে। পরীক্ষা আরম্ভ হওয়ার সম্ভাব্য তারিখ ২৯/৭/২০২৩। |

*আবেদনের ফরম্যাট বিভাগে ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাইবে।

উল্লেখ্য যে, সাপ্লিমেন্টারী পরীক্ষায় অকৃতকার্য ছাত্র/ছাত্রীগণ জানুয়ারী, ২০২৩ টার্ম ফাইনাল পরীক্ষায়ও অংশগ্রহণ করিতে পারিবে।

২। ***সাধারণ ছাত্র/ছাত্রীদের জন্য প্রযোজ্যঃ***

একাডেমিক কাউন্সিলের ৪৪৫ ও ৪৪৬তম অধিবেশনের সিদ্ধান্তক্রমে একজন শিক্ষার্থী নিম্নলিখিত শর্ত পূরণ সাপেক্ষে সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করিতে পারিবেঃ

ক) এই বিশ্ববিদ্যালয়ের যে সকল ছাত্র/ছাত্রী ইঞ্জিনিয়ারিং বিভাগসমূহ এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে ১০৮ ক্রেডিট অথবা স্থাপত্য বিভাগে ১৪৭ ক্রেডিট অর্জন করেছে, শুধুমাত্র তাদের জন্য একই টার্মে সাপ্লিমেন্টারী পরীক্ষায় কেবলমাত্র পূর্ববর্তী টার্মসমূহে অনুত্তীর্ণ Theory কোর্সসমূহের মধ্যে দুইটি Theory কোর্স (রেগুলার টার্মের কোর্স ও ক্রেডিট এর অতিরিক্ত) রেজিস্ট্রেশন করিতে পারিবে। অন্যান্য ছাত্র/ছাত্রীরা একটি মাত্র Theory কোর্স রেজিস্ট্রেশন করিতে পারিবে।

খ) কোন্ কোন্ কোর্স সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য অফার করা হইবে তা সংশ্লিষ্ট বিভাগ নির্ধারণ করিবে।

গ) সাপ্লিমেন্টারী পরীক্ষায় অংশগ্রহনের জন্য শিক্ষার্থীকে ক্রেডিট প্রতি টাঃ ৫০০/- হারে রেজিস্ট্রেশন ফি দিতে হইবে।

ঘ) সাপ্লিমেন্টারী পরীক্ষা কোন কোর্সের গ্রেড Improvement করার জন্য ব্যবহার করা যাইবে না এবং এই পরীক্ষায় কোন শিক্ষার্থী সর্বোচ্চ **B** গ্রেড এর বেশী পাইবে না।

এই সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য রেজিস্ট্রেশনসহ অন্যান্য সময়সূচী নিম্নে প্রদত্ত হইল।

| | |
|---|---|
| নিজ নিজ Adviser এর মাধ্যমে বিভাগীয় প্রধানের নিকট নির্দিষ্ট ফরম্যাট* অনুযায়ী লিখিত আবেদন করিবার সময়সীমা | **২৯/০৫/২০২৩ সোমবার হইতে ০৫/০৬/২০২৩ সোমবার** |
| Online প্রক্রিয়া সম্পন্ন করিয়া রেজিস্ট্রেশন করিবার সময়সীমা | **২৯/০৫/২০২৩ সোমবার হইতে ০৭/০৬/২০২৩ বুধবার** |
| ক্রেডিট প্রতি টাঃ ৫০০/- হারে রেজিস্ট্রেশন ফি জমা দেওয়ার সময়সীমা | **২৯/০৫/২০২৩ সোমবার হইতে ১০/০৬/২০২৩ শনিবার** |
| সাপ্লিমেন্টারী পরীক্ষা | মিড টার্মের বিরতিতে পরীক্ষা অনুষ্ঠিত হইবে। পরীক্ষা আরম্ভ হওয়ার সম্ভাব্য তারিখ ২৯/৭/২০২৩। |

*আবেদনের ফরম্যাট বিভাগে ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাইবে।

উল্লেখ্য যে, একজন শিক্ষার্থী যে কোর্স সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করিবে সেই কোর্সটি নিয়মিত টার্মে রেজিস্ট্রেশন করিতে পারিবে বা নাও করিতে পারিবে। কোর্সটি সাপ্লিমেন্টারী পরীক্ষায় পাশ করিলে উক্ত কোর্সটির রেজিস্ট্রেশন নিয়মিত টার্ম হইতে স্বয়ংক্রিয়ভাবে drop হইয়া যাইবে।

## *সাপ্লিমেন্টারী পরীক্ষার জন্য রেজিস্ট্রেশনঃ*

সাপ্লিমেন্টারী পরীক্ষার রেজিস্ট্রেশনের জন্য নিম্নলিখিত ধাপসমূহ অনুসরণ করিতে হইবে।

১। একজন ছাত্র-ছাত্রীর জন্য প্রযোজ্য নির্দিষ্ট ফরম (যাহা বিভাগে ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে পাওয়া যাইবে) পূরণ করিয়া নিজ নিজ Adviser-এর মাধ্যমে বিভাগীয় প্রধানের নিকট লিখিত আবেদন করিতে হইবে।

২। ছাত্র-ছাত্রীর বেতনাদির রশিদ (যাহা কম্পট্রোলার অফিসের "ছাত্র বেতন শাখায়" পাওয়া যাইবে) পূরণ করিয়া ক্রেডিট প্রতি টাঃ ৫০০/- হারে রেজিস্ট্রেশন ফি জমা দিতে হইবে। রেজিস্ট্রেশন ফি জমাদানের রশিদ ব্যতীত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না। উল্লেখ্য যে, যে সকল ছাত্র-ছাত্রীর গ্র্যাজুয়েশন সম্পন্ন করিবার জন্য কেবলমাত্র ১টি বা ২টি Theory কোর্স বাকী আছে তাহাদের এই রেজিস্টেশন ফি জমা দিতে হইবে না।

৩। বিভাগীয় প্রধানের লিখিত অনুমতি পাওয়ার পর BIIS-এর Registration (Supplementary) লিঙ্কটির মাধ্যমে অনলাইনে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করিতে হইবে।

৪। সকল কার্যাদি নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করিতে হইবে।

## *সাপ্লিমেন্টারী পরীক্ষাঃ*

পরীক্ষার বিস্তারিত নিয়মাবলী ও প্রোগ্রাম যথাসময়ে ঘোষনা করা হইবে।

পূর্ববর্তী টার্মের Continuous Assesment (ClassTest ও Class Attendance) এর নম্বর ব্যবহৃত হইবে (তবে পূর্বে একই বিষয়ে একাধিকবার অনুত্তীর্ণ হইলে সবচেয়ে বেশী নম্বর প্রাপ্ত Continuous Assesment বিবেচনা করা হইবে)।

(ডঃ মোহাম্মদ ইমামুল হাসান ভূঞা)
পরীক্ষা নিয়ন্ত্রক
ও
অধ্যাপক, ইইই বিভাগ

নং পরীক্ষা/সিই- ৩৭১ (৬০)

তারিখ ঃ ২৮/৫/২০২৩

অনুলিপি ঃ

১। সকল ডীন, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
২। সকল বিভাগীয় প্রধান/অফিস প্রধান, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
৩। রেজিস্ট্রার, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করনের জন্য)
৪। ছাত্র কল্যাণ পরিচালক, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
৫। পরিচালক, আইআইসিটি, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (অনলাইন রেজিস্ট্রেশনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)
৬। পরিচালক, আইসিটি সেল, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (ওয়েব সাইটে আপলোড করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)
৭। সকল হল প্রভোষ্ট, বাঃ প্রঃ বিঃ, ঢাকা
৮। উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯। উপ-উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, বাঃ প্রঃ বিঃ, ঢাকা (উপ-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০। সকল নোটিশ বোর্ড (বিশ্ববিদ্যালয় ও হল), বাঃ প্রঃ বিঃ, ঢাকা

(প্রকৌশলী ফাহ্‌মিনা ইয়াসমীন)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক